গাংনীতে সড়ক দুর্ঘটনায় নিহত ২

মেহেরপুরের গংনী উপজেলায় সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত হয়েছে। রবিবার সকালে বামন্দী-বালিয়াঘাট সড়কের তিন রাস্তার মোড়ে মটোরসাইকেল ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ এ ঘটনা ঘটে। মর্মান্তিক এ দুর্ঘটনায় দু’জন নিহত হলেও একজন আরহী বেঁচে যায় বলে জানা যায়।

নিহতরা হলো, গাংনী উপজেলার ব্রজপুর গ্রামের আকরামের ছেলে মকবুল হোসেন (২৮) ও চরগোয়াল গ্রামের আঃ আওয়ালের ছেলে আকতার। বেঁচে যাওয়া ব্যাক্তি ব্রজপুর গ্রামের আনিছের ছেলে আব্দুল বারি।

স্থানীয়রা জানান, ব্রজপুর থেকে নিহত মকবুল মটোর সাইকেলে করে তার বন্ধু আকতার ও আব্দুল বারি বামন্দীর দিকে আসছিল। গরুর হাট সংলগ্ন তিন রাস্তা মোড়ে পৌছলে একটি ট্রাকের সাথে ধাক্কা লাগলে তারা পড়ে যায়। এমন সময় ট্রাকের চাকা তাদের শরীরের উপরে উঠে চলে যায়। তাদের দ্রুত উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার জানান, যেহেতু তাদের শরীরে দৃশ্যমান কোন ক্ষত নাই। ধারণা করা হচ্ছে ট্রাকের চাকার চাপে তাদের শ্বাস বন্ধ হয়ে মৃত্যু হতে পারে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। ট্রাকটি শনাক্তের চেষ্টা করা হচ্ছে।
মেপ্র / এমএফআর

গাংনীতে সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল চালক নিহত

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সাজদার আলী
(৬০) নামের এক ব্যক্তি নিহত হয়েছে।

বুধবার বিকালে গাংনী- হিজলবাড়িয়া সড়কের আকমলের ইটভাটা নামক

স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত সাজদার আলী হিজলবাড়িয়া গ্রামের মৃত জাকির আলীর ছেলে।

স্থানীয়রা জানান, সাজদার আলী একই গ্রামের সাহাজুল ইসলামকে সাথে নিয়ে মোটর সাইকেল যোগে গাংনীতে যাওয়ার পথে নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে দুজনেই আহত হয়। পরে আহতদের উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক মোটরসাইকেল চালক সাজদার আলী কে মৃত ঘোষণা করেন।

গাংনী হাসপাতালে জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক জানান, সাজদার আলী কে গাংনী হাসপাতালে নেওয়ার পূর্বেই মৃত্যু হয়। স্থানীয় ইউপি সদস্য আব্দুল খালেক জানান, সাজদার আলী মোটরসাইকেল ক্রয় করতে গাংনীতে যাওয়ার পথে মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত হয়।

এ ঘটনার সত্যতা নিশ্চিত করে গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, সাজদার আলী সম্প্রতি মোটরসাইকেল চালানো শিখেছে। খুব ভালো চালাতে না পারলেও মোটরসাইকেল নিয়ে গাংনীতে আসার পথে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে নিহত হয় সে। কারোর অভিযোগ না থাকায় সাজদার আলীর লাশ ময়না তদন্ত ছাড়াই লাশ দাফন করেছে তার পরিবারের সদস্যরা।

ভেড়ামারায় ট্রাক-সিএনজি সংঘর্ষে চালক নিহত

কুষ্টিয়ায় ভেড়ামারায় ট্রাক-সিএনজি মুখোমুখি সংঘর্ষে সিএনজি চালক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছে সিএনজিতে থাকা ৫ যাত্রী।

আজ মঙ্গলবার দুপুর পৌনে ১টার দিকে কুষ্টিয়া-পাবনা মহাসড়কের বারমাইল এলাকায় ভেগান কোল্ড ষ্টোরের সামনে এ দুর্ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে অবস্থার অবনতি হওয়ায় ২ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

নিহত সিএনজি চালক হাবিবুর রহমানের (৩৫) লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। তিনি জেলার মিরপুর উপজেলার বহলবাড়িয়া ইউনিয়নের সাহেবনগর গ্রামের মৃত আনছার আলীর ছেলে।

ভেড়ামারা থানার ওসি মো. শাহজালাল জানান, ‘যাত্রী নিয়ে একটি সিএনজি ঈশ্বরদী যাওয়ার পথে কুষ্টিয়া-পাবনা মহাসড়কের ভেড়ামারা বারমাইল এলাকায় ভেগান কোল্ড ষ্টোরের সামনে পৌঁছলে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগামী ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে সিএনজি দুমড়ে মুচড়ে গিয়ে চালক হাবিবুর রহমান ঘটনাস্থলেই নিহত হন। আহত হয় সিএনজি যাত্রী আশরাফুল, কামাল, করিম. আলিম কাজী ও বাবু।’

নিহত হাবিবুর রহমানের লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। ঘাতক টাকটি আটক করা হয়েছে বলেও জানান তিনি।

মেপ্র/আরপি

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় মহিলা নিহত

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় ১ মহিলা নিহত হয়েছে। গুরুতর আহত হয়েছে আরও একজন। গতকাল বৃহস্পতিবার সকাল ৮ টার সময় চুয়াডাঙ্গা- হাটবোলিয়া সড়কের ভাংবাড়িয়া মাঠে ওই দুর্ঘটনা ঘটে।

নিহত তহিমা আক্তার (৪৫) মেহেরপুর জেলার গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে। আহত আলমসাধু চালক মহব্বত আলী নগরবোয়ালিয়া গ্রামের মৃত আইয়ুব হোসেনের ছেলে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন মহব্বত আলীর অবস্থা সংকটাপন্ন।

জানা গেছে, গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে তহিমা আক্তার আসমানখালী থেকে আলমসাধু যোগে হাটবোয়ালিয়ায় আসছিল।

আলমসাধুটি ভাংবাড়িয়া মাঠে পৌছালে পেছন থেকে একটি বালু ভর্তি ট্রাক সজোরে ধাক্কা দেয়। আলমসাধুটি উল্টে পড়ে। ঘটনাস্থলেই তহিমা মারা যান। গুরুতর আহত হন চালক মহব্বত।

রক্তাত্ব মহব্বতকে স্থানীয়রা হারদী হাসপাতালে নিয়ে যায়। তার অবস্থা খারাপ হওয়ায় চিকিৎসক কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করেন। মহব্বতের শারীরিক অবস্থা আরও সংকটাপন্ন হলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে সড়ক দুর্ঘটনায় সজীব বিশ্বাস (৩৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

বুধবার বিকেলে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের তাঁতীবন্দ নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত সজীব বিশ্বাস মিরপুর উপজেলার নয়নপুর এলাকার আব্দুল আজিজের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, বিকেল সাড়ে ৪ টার দিকে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহর থেকে বাড়ীর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে তাঁতীবন্দ নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান।

ঘটনাস্থল পুলিশ পাঠানো হয়েছে বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় পুলিশ সদস্যের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাক চাপায় রাশেদুজ্জামান তন্ময় (৪৫) নামক এক পুলিশ সদস্যের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুরে কুষ্টিয়া-রাজশাহী মহাসড়কের বহলবাড়িয়া নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত রাশেদুজ্জামান তন্ময় পাকশী রেলওয়ে সার্কেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করতেন। সে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার রিফাইতপুর এলাকার মনিরুজ্জামানের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, দুপুরের দিকে অফিসিয়াল কাজে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহরের দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বহলবাড়ীয়া নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান। লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছ।

পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল রয়েছেন বলেও জানান তিনি।

গাংনীতে অটোভ্যানের ধাক্কায় এক বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে অটোভ্যানের ধাক্কায় আব্দুর রশীদ (৬৫) নামের এক ঘর মিস্ত্রির মৃত্যু হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় গাংনী বাজারে আসার পথে আখ সেন্টার এলাকায় তার মৃত্যু হয়। ঘর মিস্ত্রী আব্দুর রশীদ গাংনী পৌর এলাকার পশ্চিম মালসাদহ গ্রামের আলতাব হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, আব্দুর রশীদ একটি অটোভ্যানে যোগে গাংনী

বাজারের যাওয়ার পথে পিছন দিক থেকে অপর একটি অটোভ্যান তাকে ধাক্কা দিলে সে সড়কে ছিটকে পড়ে গুরুতর ভাবে আহত হন। পথচারীরা তাকে উদ্ধার করে প্রথমে গাংনী হাসপাতালের জরুরী বিভাগে নেওয়ার পর তার শারীরিক অবস্থার অবনতি হলে তাকে থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।
এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: ওবাইদুর রহমান।

কোটচাঁদপুরে ট্রাক্টরের ধাক্কায় প্রতিবন্ধী যুবকের মৃত্যু

ঝিনাইদহেরে কোটচাঁদপুরে ইট ভাটার একটি ট্রাক্টরের ধাক্কায় রোহান (১৮) নামে এক প্রতিবন্ধী যুবকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। সোমবার (৬জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার সাফদারপুর মকসেদ মোড়ে এই দূর্ঘটনা ঘটে। নিহত রোহান সাফদারপুর ইউনিয়নের লক্ষিকুন্ড গ্রামের (খাঁন পাড়ার) ফসিয়ারের ছেলে।

স্থানীয়রা জানায়, সোমবার সকালে প্রতিবন্ধী রোহান বাড়ি থেকে পায়ে হেটে সাফদারপুর বাজারে আসছিলেন। এসময় বিপরীত দিক থেকে আসা (মকসেদ মোড়ের) রিপন ব্রীক্সসের একটি ট্রাক্টর বেপরোয়া গতিতে ঘটনাস্থলে পৌছে প্রতিবন্ধী ওই যুবককে সজোরে ধাক্কা দেয়। দূর্ঘটনায় ট্রাক্টরের চাকায় প্রতিবন্ধী যুবকের শরীর পিষ্ট হয়ে যায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে যায়। অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে পাঠালে পথিমধ্যে তার মৃত্যু হয়।

এব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, নিহতের পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]
[redacted]